ঝিনাইদহে বিএনপির প্রতিবাদ সমাবেশ

ঢাকা-১৮ ও সিরাজগঞ্জ-১ সংসদীয় আসনে উপনির্বাচনের ফলাফল বাতিল ও নাশকতার মামলায় বিএনপি নেতাকর্মীদের ধরপাকড়ের প্রতিবাদে ঝিনাইদহে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
রোববার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করে জেলা বিএনপি।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন,

মৎস্যজীবীদল কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সম্পাদক এ কে এম ওয়াজেদ আলী, সদর থানা বিএনপির আহ্বায়ক কামাল আজাদ পান্নু, সদস্য সচিব আলমগীর হোসেন, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, সদস্য সচিব মাহবুবুর রহমান শেখর, যুবদল নেতা আশরাফুল ইসলাম পিন্টু, ছাত্রদল নেতা মুশফিকুর রহমান মানিক প্রমুখ।

বক্তারা, ২ টি উপ-নির্বাচন পাতানো ও জালিয়াতি উল্লেখ করে পুনরায় নির্বাচনের দাবি জানান। সেই সাথে বিএনপির নেতাকর্মীদের নামে মামলা দায়ের ও গ্রেফতারের প্রতিবাদ জানান।

ঝিনাইদহ উপজেলা চেয়ারম্যানের রোগমুক্তি কামনায় দোয়া

ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আঃ রউফ কলেজের সভাপতি এ্যাড. আব্দুর রশিদ করোনা আক্রান্ত হয়ে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

তার দ্রুত রোগ মুক্তি কামনা করে ঝিনাইদহ সদর উপজেলার আঃ রউফ

ডিগ্রি কলেজে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা ১১টায় কলেজের শিক্ষক মিলনায়তনে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ জি এম রবিউল ইসলামের সভাপতিত্বে মহামারী করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ মোকাবেলায় আমাদের করনীয় এবং শিক্ষার্থীদের অনলাইনে ক্লাস সম্পর্কিত সংক্ষিপ্ত আলোচনায় শিক্ষকরা অংশগ্রহণ করেন। আলোচনা শেষে কলেজের সভাপতি এ্যাড.আব্দুর রশিদসহ, সকলের রোগ মুক্তি কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে শিক্ষানবিশ আইনজীবীদের মানববন্ধন

লিখিত পরীক্ষা বাদ দিয়ে মৌখিক পরীক্ষার মাধ্যমে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত করার দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার দুপুরে জেলা আইনজীবী সমিতির কার্যালয়ে সামনে এ কর্মসূচির আয়োজন করে ঝিনাইদহ জেলা শাখা’র সম্মিলিত শিক্ষানবিশ আইনজীবী পরিষদ। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দসহ শিক্ষানবিশ আইনজীবীরা অংশ নেয়। এ সময় বক্তব্য রাখেন সম্মিলিত শিক্ষানবিশ আইনজীবী পরিষদ জেলা শাখার আহ্বায়ক তপন কুমার মুখার্জী,

শিক্ষানবিশ আইনজীবী আকরাম হোসেন, সেলিনা খাতুন, শিরিন সুলতানা, মিতা সাহা, কুলসুম লতা, মনিরা খাতুন, সাবিহা খাতুন, আব্দুস সালাম প্রমুখ। এ সময় বক্তারা, করোনা ভাইরাস ও শিক্ষানবিশ আইনজীবীদের কথা চিন্তা করে লিখিত পরীক্ষা বাদ দিয়ে দ্রুত মৌখিক পরীক্ষার মাধ্যমে তাদের আইনজীবী তালিকায় অন্তর্ভুক্ত করার দাবি জানান।

কালীগঞ্জে আর এফ এল গ্রুপের গাড়িতে আগুন

ঝিনাইদহের কালীগঞ্জে চলন্ত গাড়িতে হঠাৎ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। রোববার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে শহরের মেইন বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে। আগুনে প্রায় ৫০ হাজার টাকার প্লাস্টিক সামগ্রী পুড়ে গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকা পার হওয়ার সময় গাড়িটির পিছন দিক থেকে ধোঁয়া বের হতে শুরু করে। এরপর এলাকার মানুষের চিৎকার শুনে চালক রাস্তার একপাশে গাড়িটি থামান। দ্রুত ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণে আনে।

গাড়িটির চালক জসিম উদ্দিন বলেন, প্রাণ আরএফএল কোম্পানীর গাড়িটি মাগুরা থেকে প্লাস্টিক সামগ্রী নিয়ে চৌগাছা যাচ্ছিলাম। পথমধ্যে কালীগঞ্জ আসলে গাড়ি থেকে ধোঁয়া বের হতে থাকে। এরপর পিছনের দরজা খুলে দেখি প্লাস্টিকের চেয়ার-টেবিলসহ বিভিন্ন সামগ্রী পুড়ে গেছে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিস স্টেশনের ইনচার্জ শেখ মামুনুর রশিদ বলেন, এলাকাবাসীর কাছ থেকে খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে দ্রুত আগুনটি নিয়ন্ত্রণে আনে।

প্রাণ আরএফএল কোম্পানীর গাড়িটির কোথাও তারের লিক থাকায় আগুনের সূত্রপাত ঘটেছে বলে ফায়ার সার্ভিস ধারনা করছে।

চুয়াডাঙ্গার কুলপালাই সেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে সাহায্য প্রদান

চুয়াডাঙ্গা জেলার কুলপালা গ্রামে “পোর পিপুল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন” নামের একটি সে¦চ্ছাসেবী সংগঠনের উদ্যোগে তৃতীয় বারের

মতো ৩ টি গরীব অসহায় পরিবারকে ছাগল প্রদান করা হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৫ ঘটিকার সময় অনুষ্ঠানটির আয়োজন করা হয়।

সংস্থাটির সভাপতি রাজীব হাসান বলেন, আমরা দেশের করোনা কালীন পরিস্থিতিতে বিভিন্ন কর্মসূচি পরিচালনা করে আসছি। তারই ধারাবাহিকতায় আজকে এই তিনটি গরীব অসহায় পরিবারকে একটি করে ছাগল প্রদান করা হলো।

তিনি আরো বলেন, সংস্থাটির ফাউন্ডার রাসেল হাসান, বিপুল হোসেন, ফরাদ হোসেন প্রমুখ নিজেদের ব্যক্তিগত উদ্যোগে পরিচালনা করছেন এবং সংস্থাটিকে সামনের দিকে আরো অগ্রসর করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে মোঃ রাজিব হাসানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক তানভীর হাসান, সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম, ক্যাশিয়ার রনি, দপ্তর সম্পাদক নয়ন, প্রচার সম্পাদক পারিকুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে সাংবাদিক হামলার প্রতিবাদে ৭ দিনের কর্মসূচি ঘোষণা

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল কাদের কতৃক ডিবিসি’র মেহেরপুর জেলা প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশ রয়টার্সের এর প্রতিনিধি জাকির হোসেনের উপর হামলার প্রতিবাদে, ঘটনা বিচারের দাবীতে ৭ দিনের কর্মসূচি ঘোষণা করেছে মেহেরপুরের সাংবাদিক সমাজ।

রবিবার সন্ধ্যায় মেহেরপুর প্রেস ক্লাব মিলনায়তনে এক সভায় এ কর্মসূচি ঘোষণা করা হয়।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী ১৬ নভেম্বর সকাল ১০ টায় মেহেরপুর জেলা

প্রশাসকের কার্যালয়ের সামনে প্রতিবাদ সভা ও পথসভা। ১৭ নভেম্বর সকাল ১০ টায় মৌন মিছিল, মেহেরপুর প্রেসক্লাব থেকে শুরু হয় জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত।

১৮ নভেম্বর মেহেরপুর প্রেসক্লাবের সামনে সকাল ১০টা থেকে কলম বিরতি । ১৯ নভেম্বর সকাল ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে অবস্থান ধর্মঘট। ২০ নভেম্বর সকাল ১০টায় প্রেসক্লাবের সামনে মানববন্ধন। ২১ শে নভেম্বর প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান এবং ২২ নভেম্বর বিচার না হওয়া পর্যন্ত জেলা প্রশাসনের সকল প্রকার সংবাদ বয়কট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর প্রেস ক্লাবের উপদেষ্টা তুহিন আরন্য, সাধারণ সম্পাদক আল-আমিন হোসেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি রুহুল কুদ্দুস টিটো, সাংবাদিক রামিজ আহসান প্রমুখ।

কুষ্টিয়ায় অ্যাসাইনমেন্টের জন্য শিক্ষার্থীদের নিকট টাকা আদায়

সরকারি নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট দিচ্ছে কুষ্টিয়ার মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলো। তবে, অধিকাংশ বিদ্যালয় অ্যাসাইনমেন্টের প্রশ্নপত্রের জন্য শিক্ষার্থীদের কাছ থেকে মাথাপিছু নিচ্ছে ১০ টাকা।

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার খলিসাকুণ্ডি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী শান্ত, মিরপুর উপজেলার আশাননগর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী সাকিল হোসেন, আবুরী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী আশিক আলী, আমলা সদরপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী নাইমুর রহমান ও সদরপুর সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার শিক্ষার্থী ঋতু খাতুন বলে, ‘স্কুল থেকে দেওয়া প্রশ্নপত্রের জন্য ১০ টাকা করে নিচ্ছেন স্যাররা। আর স্কুল থেকে না কিনলে বাজারের ফটোকপির দোকান থেকেও

নগদ টাকায় সংগ্রহ করা যাচ্ছে’।

আশরাফুল ইসলাম নামের একজন অভিভাবক বলেন, ‘স্কুল থেকে অ্যাসাইনমেন্ট দিয়েছিল। ছেলে-মেয়েরা লিখে জমা দিচ্ছে। অনেক সময় দেখা যায়, শিক্ষার্থীদের মধ্যে কেউ স্কুলে গিয়ে অ্যাসাইনমেন্ট আনতে পারেনি। সে ফটোকপির দোকান থেকে দশ টাকা দিয়ে সংগ্রহ করছে। এতে খুব ভালো হয়েছে। যার যার সুবিধামতো নিতে পারছে।’

এ বিষয়ে খলিসাকুণ্ডি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মহিবুল ইসলাম বলেন, ‘শিক্ষার্থীদের প্রশ্নপত্র ও কভার পেজ দিচ্ছি। তারা সেগুলো ফটোকপি করে নিচ্ছে। এক্ষেত্রে তাদের সুবিধার জন্য বলেছি, তারা চাইলে বিদ্যালয়ের অফিস থেকে কিংবা ফটোকপির দোকান থেকে প্রশ্নপত্র নিতে পারবে।’

মিরপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জুলফিকার হায়দার বলেন, ‘সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা পাঠানো হয়েছে। শিক্ষার্থীদের কাছ থেকে অ্যাসাইনমেন্টের কোনো টাকা নেওয়া যাবে না, নিলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে’।

জেলা শিক্ষা অফিসার মোঃ জায়েদুর রহমান বলেন, ‘ইতোমধ্যে নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও দাখিল মাদ্রাসায় অ্যাসাইনমেন্টের কার্যক্রম শুরু হয়েছে। জেলার কোনো শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আর্থিক লেনদেনের কোনো অভিযোগ পাইনি’। কোনো প্রতিষ্ঠান অ্যাসাইনমেন্টের জন্য টাকা নিলে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি জানান।

বরিশালে হত্যা করে লাশ ফেলে যায় কুষ্টিয়ায়

রাধা রানী (৪৩) নামের এক নারীর মৃতদেহ উদ্ধার হয় কুষ্টিয়ার কুমারখালী থেকে। পুলিশি তদন্ত বলছে, হত্যাটি করা হয় বরিশালে। আর তার হত্যার দায় থেকে নিজেদের বাঁচাতে খুনিরা এ কাজ করলেও শেষ

পর্যন্ত রক্ষা পেল না কেউই।

পুলিশ প্রথম ৬ ঘণ্টার মধ্যে নারীর নাম ঠিকানা সংগ্রহ, হত্যায় ব্যবহৃত মাইক্রোবাস জব্দসহ সকলকে গ্রেফতার করেছে। পরে ঘটনায় জড়িতদেরও শনাক্ত করে পুলিশ । নিহত রাধা রানী নীলফামারী সদর উপজেলার সন্তোষ চন্দ্র রায়ের স্ত্রী।

গতকাল রবিবার সকালে কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে হত্যার পুরো বিষয় জানিয়ে ব্রিফিং করেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোস্তাফিজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আতিকুল ইসলাম আতিক, কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মজিবুর রহমান।

গত ৫ নভেম্বর কুমারখালী উপজেলার করাতকান্দি এলাকা থেকে এক অজ্ঞাত নারীর মৃতদেহ উদ্ধার করে পুলিশ।

অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান জানান, ওই নারীর পরিচয় পাওয়া যাচ্ছিল না। পরে তার আঙ্গুলের ছাপ নিয়ে ভোটার তালিকার সহায়তায় পরিচয় বের করা হয়। ‘রাধা রানী রায় ঢাকায় কাজ করতেন। স্বামীর সাথে বনিবনা না হওয়ায় বাবা সুনিল চন্দ্র রায়ের বাড়িতে থাকতেন, সেখানে আসা যাওয়া করতেন। এরই মাঝে বরিশাল জেলার উজিরপুর উপজেলার শোলক ইউনিয়নের বহরকাঠি গ্রামের আব্দুর রশিদের সাথে তার ঢাকায় পরিচয় হয়। ৭ মাস আগে তারা বিয়ে করেন। তবে রাধা রানীর পরিবারের কেউ বিষয়টি জানতো না।

আব্দুর রশিদের আরও একজন স্ত্রী রয়েছে। তার দ্বিতীয় বিয়ের বিষয়টি প্রথম স্ত্রী জেনে গেলে মুসকিলে পড়েন আব্দুর রশিদ। এই টানাপোড়োনে তিনি দ্বিতীয় স্ত্রী রাধা রানীকে হত্যার পরিকল্পনা করেন। এরই মধ্যে চলতি নভেম্বর মাসের প্রথম দিকে রাধা রানী অসুস্থ হয়ে পড়লে তাকে বরিশাল মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন আব্দুর রশিদ।

পূর্ব পরিকল্পনা অনুযায়ী আব্দুর রশিদ রাধা রানীকে নীলফামারী নিয়ে যাওয়ার কথা বলে বরিশাল মেডিকেল কলেজ থেকে অ্যাম্বুলেন্স ভাড়া করেন। ৪ নভেম্বর রাধা রানীকে অ্যাম্বুলেন্সে নিয়ে আব্দুর রশিদ কয়েকজন সহযোগীসহ নীলফামারী রওনা হন। পথে মুখে বালিশ চাপা দিয়ে হত্যা করে কুমারখালী উপজেলার করাতকান্দি এলাকায় মৃতদেহ ফেলে রেখে যায়।

তিনি আরও জানান, নিহতের পরিচয় জানার পর তথ্য প্রযুক্তির ব্যবহার ও সিসি টিভির ফুটেজের মাধ্যমে অ্যাম্বুলেন্স চালক হানিফ মোল্লাকে গ্রেফতার করা হয়। কুষ্টিয়া আদালতে হানিফ মোল্লা ১৬৪ ধারায় জবানবন্দিতে সব স্বীকার করেছে। পরে ঘাতক আব্দুর রশিদ ও তার সহযোগী আলামিন খলিফাকেও গ্রেফতার করে পুলিশ।

গাংনীতে যত্রতত্র বিক্রি শিশু খাদ্য, নেই প্রশাসনিক নজরদারি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন মুদি দোকানসহ ভ্রাম্যমাণ দোকানে অবাধে শিশু খাদ্য বিক্রি হলেও প্রশাসনিক কোনো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছেনা।

ব্যবসায়ীদের(বিক্রেতাদের) শারীরিক ফিটনেস সার্টিফিকেট প্রদান করা হলেও তদারকি নেই সংশ্লিষ্ট প্রশাসনের। শিশু খাদ্যের মান নিয়ন্ত্রণে প্রশাসন মাঠে না নামলে শিশু স্বাস্থ্য হুমকির মুখে পড়ছে বলে মন্তব্য শিশু বিশেষজ্ঞদের। শিশু খাদ্য বিক্রি, উৎপাদন ও বাজারজাত করার সরকারি আইন থাকলেও তা প্রয়োগ নেই বলে অভিযোগ শিশু অভিভাবকদের।

মুদি দোকানে সাজানো প্লাস্টিকের কৌটায় বিস্কুট, আইসক্রিম, আইসবার, সরবত ও বেকারি ফুড বিক্রি করা হলেও কৌটার গায়ে নেই উৎপাদনকারি প্রতিষ্ঠানের নাম, উৎপাদন তারিখ এবং মেয়াদ । বিভিন্ন রং, বিভিন্ন স্বাদে আকৃষ্ট হয়ে এসব খাদ্য খেয়ে বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে শিশুরা।

জানা গেছে, গাংনী উপজেলার বিভিন্ন শহর এবং গ্রামে হাজারো শিশু খাদ্য বিক্রির দোকান রয়েছে। এদের মধ্যে ৬ শতাধিক দোকানের তালিকা রয়েছে উপজেলা হেলথ কমপ্লেক্সের কাছে। এদের মধ্যে ৩ শত বিক্রেতাকে প্রিমিসেস ফিটনেস, মেডিকেল ফিটনেস প্রত্যয়ন প্রদান করেছে জেলা সিভিল সার্জন অফিস। তাতে শুধু মাত্র বিক্রেতার কোনো প্রকার ছোঁয়াচে বা কুষ্ঠ রোগ আছে কি না তা উল্লেখ রয়েছে। তাও আবার একই ব্যক্তি এই প্রত্যয়ন নিয়ে দীর্ঘদিন ব্যবসা পরিচালনা করে

আসছেন। তাদের সতর্কতামূলক কোনো প্রশিক্ষণ বা নিয়মও বেধে দেয়া হয়নি।

ইউনিয়ন পরিষদ বা পৌরসভা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে দেদারছে বিক্রি করছে শিশু খাদ্য। শিশু খাদ্য বিক্রির বিষয়ে বিধি নিষেধ সম্পর্কে নূন্যতম ধারনা নেই ব্যবসায়ীদের।

উৎপাদনকারী প্রতিষ্ঠানের ভ্রাম্যমাণ কিছু গাড়ি এসে দোকানে দোকানে শিশু খাদ্য সাপ্লাই দিয়ে যায় । আকর্ষনীয় রং আর স্বাদের হওয়ায় শিশুরা ঝুকছে সেসকল খাদ্যের দিকে।

গাংনী নবীণপুর গ্রামের সেন্টু জানান, তার ৬ষ্ঠ শ্রেণীতে পড়ুয়া মেয়ে বাড়িতে ভাত না খেয়ে দোকান থেকে ঝাল মুড়ি আর নিম্ন মানের চানাচুর খেয়ে স্কুলে আসে। শারীরিক দূর্বলতার কারণে সে প্রায়ই অসুস্থ হয়ে পড়ে। কয়েকদিন আগেও অসুস্থ হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয় তাকে।

ভাটপাড়া গ্রামের হাবিবুর রহমান জানান, দোকানের বিস্কুট আর পানীয় পান করে ক্ষুধামন্দায় ভুগছে তার মেয়ে হাফিজা।

চৌগাছার আনোয়ার হোসেন জানান, সকালে উঠেই ছেলে মেয়ে বায়না ধরে মুদি দোকানের বিস্কুট আর আইসবার খাওয়ার জন্য, না দিলে ছেলে মেয়ে কান্নাকাটি করে। বাড়ির খাবারের প্রতি তাদের অনীহা।

মাইলমারি গ্রামের মুদি ব্যাবসায়ী রনি জানান, প্রতিবেশী দোকান গুলোতে শিশুদের আকৃষ্ট করার মত অনেক খাবার রয়েছে। আমার দোকানে না থাকায় বেচাকেনা কম হতো। প্রতিবেশী দোকানদারের দেখাদেখি আমাকেও এখন শিশুদের খাবার রাখতে হয়।

গাংনীর মালশাদাহের বসুন্ধরা কফি হাউজ, ইট এন্ড ইনজয়, বাঁশবাড়িয়ার লিখন কফি হাউজকে ফিটনেস সার্টিফিকেট নেবার কথা বললেও তারা নেইনি বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান জানান, মাঝেমধ্যে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হলে ব্যবসায়ীরা সতর্ক হবে। আমাদের জনবলের অভাবে তা হয়ে ওঠেনা।

গাংনীতে নিরাপদ খাদ্য পরিদর্শকের অফিসে একজন অফিস সহায়ক পদ থাকলেও ১১ বছর ধরে তা শূণ্য রয়েছে। সব কাজ আমাকেই সামলাতে হয়। ইনস্টিটিউট অব পাবলিক হেল্থ (আই,পি,এই) এর অনুমোদন ব্যতীত শিশু

খাদ্য বাজারজাত করা নিষেধ থাকা সত্বেও যেখানে সেখানে শিশু খাদ্য বিক্রি ও বাজারজাত করা হচ্ছে এ বিষয়ে প্রশাসন কেন তৎপর নয় এমন প্রশ্নের জবাব মেলেনি।

শিশু বিশেষজ্ঞ ডাঃ সাদিয়া সুলতানা বলেন, নিম্ন মানের খাবার খেয়ে শিশুদের কিডনি এবং মেধা বিকাশ ক্ষতিগ্রস্থ হতে পারে। খাবারে অরুচি শিশুদের বেড়ে ওঠাতে বাধাগ্রস্থ করবে, শিশুরা ভুগবে অপুষ্টিজনিত নানা রোগে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এম রিয়াজুল আলম বলেন, শিশু খাদ্য নিয়ন্ত্রণ বিষয়ে উপজেলা স্যানিটারি ইন্সপেক্টরকে দায়িত্ব দেয়া আছে। তিনি উপজেলা প্রশাসনকে সাথে নিয়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে যারা অবৈধ ব্যাবসায়ী রয়েছে বা নিম্ন মানের খাদ্যসামগ্রীর সাথে জড়িত তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ বলেন, শিশু খাদ্য বিক্রি’র যে যথাযথ আইন আছে তা অমান্য করার কোনো সুযোগ নেই। ভ্রাম্যমাণ অনেক দোকানে শিশু খাদ্য বিক্রি হচ্ছে। এ বিষয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হবে।

গাংনীতে গাঁজাসহ আটক দুই

মেহেরপুরের গাংনীতে ৫’শ ৪০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। আজ রবিবার সকালে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া দৌলতপুর উপজেলার পার গোয়াল গ্রামের মৃত জাফের মালিথার ছেলে আয়ুব(৫৭) ও একই উপজেলার ভাগজোত লোকনাথপুর গ্রামের সর্দ্দার পাড়ার নজরুল ইসলামের ছেলে মনজিল(৩০)।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মেহেরপুর গাংনী উপজেলার চর গোয়াল গ্রামের সর্দ্দারপাড়া ঈদগাহের পাশে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এস আই সুমন, এ এস আই জামিরুল, এএসআই

মহিনুল ও কনস্টেবল আনিসুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে ৫’শ৪০ গ্রাম গাঁজাসহ আয়ুর ও মনিজিল আটক করে।

আটককৃতদের বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন।